

বিভিন্ন অধ্যায়	আলোচ্য বিষয়	পৃষ্ঠা
1.	নৃমিতি - পরিচায়িকা লক্ষ্য ও কার্যক্ষেত্র .....	1-6
2.	বিভিন্ন মাপক যন্ত্রপাতি .....	7-19
3.	মাপবিন্দু বা ল্যাণ্ডমার্কস .....	20-25
4.	শীর্ষমিতি এবং দেহমিতি : পদ্ধতি ও প্রক্রিয়া .....	26-33
5.	বিভিন্ন ধরনের সূচকাস্ত্র .....	34-36
6.	নৃবীক্ষণ পদ্ধতি .....	37-43
7.	করোটিমিতির কলা কৌশল .....	44-48
8.	মানব অস্থি শনাক্তকরণ পদ্ধতি .....	49-80
9.	মানব করোটী এবং নিতস্বাস্থি : লিঙ্গ নিরূপণ প্রক্রিয়া .....	81-84
10.	রক্তবর্গ নির্ধারণ পদ্ধতি .....	85-90
11.	রক্তচাপের প্রকৃতি এবং মাপন পদ্ধতি .....	91-95
12.	পি. টি. সি. স্বাদ পরীক্ষা .....	96-100
13.	বর্ণাক্রান্ত নিরূপণ পরীক্ষা .....	101-104
14.	প্রস্তর যুগের আয়ুধের শনাক্তকরণ পদ্ধতি .....	105-127
15.	হাতিয়ারে হাতল সংযুক্তি .....	128-135
16.	আদিম প্রযুক্তিবিদ্যার বিভিন্ন নিদর্শন .....	136-165
	প্রাসঙ্গিক গ্রন্থ নির্দেশিকা .....	166

\* For English version see the pages from 166 to 288

\* For English version see the pages from 167 to 288



নৃমিতি বলতে আমরা কি বুঝি ?

**What do we understand by Anthropometry ?**

নৃমিতি (Anthropometry) হল জীবিত অথবা মৃত মানবদেহের রীতিবদ্ধ কলাকৌশল সমন্বিত মাপের এক বিশিষ্ট পদ্ধতি। এরই উপর ভিত্তি করে মানবদেহের প্রকৃত অবয়বটির মাত্রিক (Quantitative) রূপ বিকাশ লাভ করে থাকে। মানবদেহের বিভিন্ন মাত্রাগুলির সমস্ত নির্ধারণের মধ্যেই মাপন কলাকৌশল নির্ভরশীল। এই প্রসঙ্গে একথা মনে রাখতে হবে যে কেবলমাত্র মাত্রিক মাপন পদ্ধতির মাধ্যমেই মানবদেহের স্বরূপ বিকশিত হয় না। এই কারণেই মাপন প্রক্রিয়ার পাশাপাশি প্রয়োজনীয় অবলোকন প্রক্রিয়ার প্রচলন হয়েছে। যে সব দেহ লক্ষণকে মাপের অন্তর্ভুক্ত করা সম্ভব হয় না সেগুলিতেই বিশেষ পদ্ধতি সমন্বিত বীক্ষণের (Observation) প্রয়োজন হয়। একেই বলা হয় নৃবীক্ষিকী (Anthroposcopy)।

নৃমিতির শ্রেণী বিন্যাস

**Classification of Anthropometry**

নৃমিতিকে তার বিভিন্ন ধরন অনুযায়ী চারটি প্রধান পর্যায়ে বিভক্ত করা হয়েছে। যেমন—

(1) শীর্ষমিতি (Cephalometry) — যখন মাপন ও ক্রিয়া জীবিত বা মৃত মানুষের কেবলমাত্র মাথা ও মুখমণ্ডলের মধ্যেই সীমাবদ্ধ থাকে তখন তার নাম শীর্ষমিতি বা সেফালোমেট্রি।

(2) দেহমিতি (Somatometry) — যখন জীবন্ত মানবদেহ অথবা তার মৃতদেহের উপর মাপ নেওয়া হয় তখন তাকে বলা হয় দেহমিতি বা সোম্যাটোমেট্রি।

(3) করোটিমিতি (Cranometry) — মানব করোটীর বিভিন্ন অংশে যখন মাপন কার্য পরিচালিত হয় তখন তাকে করোটিমিতি বা ক্রেনিয়োমেট্রি বলা হয়ে থাকে।

ব্য. নৃ-১